

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০১০০.০১৭.২৭.০০২.১৫. ৪৯

তারিখ : ০৫ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।  
১৮ জানুয়ারি, ২০১৫ খ্রিঃ।

বিষয় : বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলাধীন শুভদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর বিরুদ্ধে আনীত অনাস্থা প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, বাগেরহাট কার্যালয়ের স্মারক নং-১০৪৬, তারিখঃ ২৪.১২.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলাধীন ফকিরহাট উপজেলার শুভদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব এম. এ. আউয়াল এর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবে আনীত অভিযোগের মধ্যে নিম্নোক্ত দুটি অভিযোগ সংশ্লিষ্ট ডিডিএলজির মাধ্যমে আরও ভালোভাবে তদন্তপূর্বক দায়-দায়িত্ব নিরূপনসহ আইনের সংশ্লিষ্ট ধারায় বর্ণিত নির্দেশ অনুসরণ করে পুনঃ তদন্ত করে যথাযথভাবে প্রতিবেদন এবং প্রয়োজনীয় প্রমানাদি সংযুক্ত করে প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসক, বাগেরহাটকে নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক্রঃনং	অভিযোগ নং	অভিযোগের বিবরণী	অভিযুক্ত চেয়ারম্যানের বক্তব্য	প্রতিবেদনকারী কর্মকর্তার মন্তব্য
১.	০৪	২০১৪-১৫ অর্থ বছরে এলজিএসপি থেকে ১ লক্ষ ৫০ হাজার সদস্যদের নামে নামমাত্র প্রকল্প দিয়ে মাত্র ৪০/৫০টি রিং স্ল্যাব বিতরণ করা হয়েছে।	অভিযোগটি সঠিক নয়। সদস্যদের নামে প্রকল্প দিয়ে এলজিএসপি প্রকল্প বাস্তবায়নের সুযোগ নেই। ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটির মাধ্যমে এলজিএসপি:২ ম্যানুয়েল অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে। ২,০৭,০০০/- টাকা বরাদ্দে প্রাক্কলন অনুযায়ী ১৫৪টি রিং স্ল্যাব ইউনিয়নের হত দরিদ্রদের মাঝে বিতরণ করা হয়েছে। যার বিতরণ মাস্টাররোল সংশ্লিষ্ট ফাইলে আছে।	৪নং অভিযোগের প্রেক্ষিতে ফাইল পরীক্ষান্তে দেখা যায়, ২০১৪-১৫ অর্থ বছরে এলজিএসপি:২ প্রকল্পের আওতায় রিং স্ল্যাব নির্মাণের জন্য সততা এন্টারপ্রাইজ এর অনুকূলে ১৫৫টি স্ল্যাব ও ৪৬৬টি রিং সরবরাহের জন্য ২,০৭,০০০/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। এ বিষয়ে কয়েকজনকে জিজ্ঞাসায় জানা যায় ২০১৫ সালে তারা কোন রিং-স্ল্যাব পাননি।
২.	০৬	শুভদিয়া গ্রামের নজরুলের বাড়ির সামনের সড়কের প্যালাসাইডিং নির্মাণ প্রকল্পের জন্য টিআর হতে বরাদ্দকৃত ৪১,৬৭৫/- টাকার কাজ না করে সম্পূর্ণ অর্থ আত্মসাৎ করা।	শুভদিয়া গ্রামের নজরুলের বাড়ির সামনের সড়কের প্যালাসাইডিং নির্মাণ করা হয়েছে। কিন্তু রাস্তার পাশে পানি থাকায় এবং মাটি না পাওয়ার কারণে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সহিত আলোচনা সাপেক্ষে স্থাপন করা হয়নি। কাজ সমাপ্ত হওয়ার পর বিল ভাউচা সমন্বয় করা হবে।	৬নং অভিযোগ অনুযায়ী শুভদিয়া গ্রামের নজরুলের বাড়ির সম্মুখের সড়কে প্যালাসাইডিং কাজের জন্য ৪১,৬৭৫/- টাকা প্রকল্প সভাপতি হিসেবে জনাব এম এ আউয়াল, চেয়ারম্যান, টিআর কর্মসূচী হতে গ্রহণ করেন। সরেজমিন তদন্ত করে নির্দিষ্ট স্থানে প্যালাসাইডিং এর কোন অস্তিত্ব পাওয়া যায়নি।

সংযুক্তি : বর্ণনামতে।

( শরীফা আহমেদ )  
সিনিয়র সহকারী সচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
বাগেরহাট।

অনুলিপি :

সহকারী প্রোগ্রামার,  
স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।